আলমডাঙ্গায় বর্ণাঢ্য আয়োজনে জাতীয় সমবায় দিবস পালিত

আলমডাঙ্গায় বর্ণাঢ্য আয়োজনে ৫২ তম সমবায় দিবস পালিত হয়েছে। “সমবায়ে গড়ছি দেশ, স্মাট হবে বাংলাদেশ” এ প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে উপজেলা প্রশাসন ও উপজেলা সমবায় অধিদপ্তরের আয়োজনে এ দিবসটি পালিত হয়।

এ উপলক্ষে গতকাল শনিবার সকাল সাড়ে ১০ টার দিকে জাতীয় ও সমবায় পতাকা উত্তোলনের পর উপজেলা চত্বর থেকে জাতীয় সমবায় দিবসের একটি র্যালি বের হয়ে উপজেলা পরিষদ হলরুমে আলোচনা সভায় অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার স্নিগ্ধা দাসের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, উপজেলা পরিষদের চেয়ারম্যান আইয়ুব হোসেন।

প্রধান অতিথি বলেন, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান চেয়েছিল সমবায়ের মাধ্যমে প্রতিটি কাজ সুসম্পন্ন্ করতে। দশের লাঠি একের বোঝা। তাই কোন কাজ একা না করে সম্মিলিত ভাবে করলে সেটার একটা যথাযথ ফলাফল পাওয়া যায়। কোন কাজকে ছোট করে দেখা যাবে না। সমবায়ের মাধ্যমে শক্তিবৃদ্ধি পায়।

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান অ্যাডভোকেট খন্দকার সালমাল আহমেদ ডন, সহকারী কমিশনার (ভূমি) রেজওয়ানা নাহিদ, ইন্সটেক্টর জামাল হোসেন, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ইয়াকুব আলী মাস্টার, অনুষ্ঠানের শুরুতে স্বাগত বক্তব্য রাখেন উপজেলা সমবায় কর্মকর্তা সাহারুল ইসলাম। আলমডাঙ্গা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক খন্দকার হামিদুল ইসলাম আজমের পরিচালনায় বক্তব্য রাখেন সরকারি কলেজের সহকারি অধ্যাপক ডক্টর মাহবুবুবুর রহমান, বিশিষ্ট সমাজকর্মি গোলাম সরোয়ার শামীম, সিরাজুল ইসলাম, উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার মনজুরুল ইসলাম বেলু, হাফেজ মাসুদ কামাল, অর্পিতা পাল, পানি উন্নয়ন সমবায় সমিতির সভাপতি এনামুল হক, শিক্ষক বিপ্লব হোসেন প্রমুখ।

আলমডাঙ্গায় জামায়াত-বিএনপির ১০ নেতাকর্মী গ্রেপ্তার

ককটেল বোমা ফাটিয়ে পালানো সময় জামায়াত-বিএনপির দশ নেতাকর্মীকে আটক করেছে পুলিশ । গতকাল বুধবার রাত ৮ টার দিকে আলমডাঙ্গা উপজেলার কুমারী ইউনিয়নের শ্যামপুর-গোপীবল্লভপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় এলাকা থেকে তাদের গ্রেপ্তার করা হয়।

গ্রেপ্তারকৃতরা হলেন- চুয়াডাঙ্গা জেলা জামায়াতের রোকন মোঃ শাহজান আলী (৪৩), জেলা যুবদলের সহ-সভাপতি মোঃ মাগরিবুর রহমান (৪৮), আলমডাঙ্গা উপজেলা যুবদলের সাংগঠনিক সম্পাদক মোঃ মিনারুল ইসলাম (৪২), হারদি ইউনিয়ন জামায়াতের রোকন মোঃ জুবায়ের (৫৮),কুমারি ইউনিয়ন জামায়াতের সদস্য মোঃ নুর ইসলাম (৫৮), কালিদাসপুর ইউনিয়নের ৯ নম্বর ওয়ার্ড বিএনপির সভাপতি মোঃ জামির আলী (৫৫), ওয়ার্ড বিএনপির সভাপতি মোঃ মেহেদী হাসান (৪৮), মোঃ হাবিবুর রহমান (৬৫), মোঃ আনারুল ইসলাম (৩৭), মোঃ মুরাদ আলী (৩৬)।

গ্রেপ্তারকৃত সকল আসামীরা জামায়াত-বিএনপির সক্রিয় সদস্য। এছাড়া তাদের বিরুদ্ধে ইতিপূর্বে নাশকতা পরিকল্পনার মামলাও রয়েছে।

পুলিশ জানায়, গতকাল বুধবার রাতে উপজেলার কুমারী ইউনিয়নের শ্যামপুর-গোপীবল্লভপুর সরকারী প্রাথমিক বিদ্যালয় মাঠে সমবেত হন বিএনপি ও জামায়াত নেতাকর্মীরা। যানবাহন ভাঙচুর, বিদ্যুৎ অফিস ও খাদ্যগুদামে অগ্নিসংযোগ করে জনমনে আতঙ্ক ও অস্থিতিশীল পরিবেশ সৃষ্টির প্রস্তুতি নেন তারা। খবর পেয়ে অভিযান চালায় পুলিশ। তবে পুলিশের উপস্থিতি টের পেয়ে ককটেল বোমা ফাটিয়ে দৌড়ে পালাতে থাকেন নেতাকর্মীরা। এ সময় ঘটনাস্থল থেকে জামায়াত-বিএনপির ১০ জন নেতাকর্মীকে গ্রেপ্তার করে। এছাড়া অনেক নেতাকর্মীরা পালিয়ে যায়।

পরে পুলিশ ঘটনাস্থল থেকে কালো স্কচটেপে মোড়ানো ৯ টি হাত বোমা, বিস্ফোরিত বোমার ৮ টি লোহার জালের কাঠি, দুই টুকরা বিস্ফোরিত বোমার টিনের অংশ, ১৮ টি বাঁশের লাঠি উদ্ধার করেছে পুলিশ।

আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বিপ্লব কুমার নাথ বলেন, গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে ১০ জন জামায়াত-বিএনপির নেতাকর্মীকে গ্রেপ্তার করা হয়েছে।

আলমডাঙ্গার রাস্তাতে গাইড ওয়াল না থাকায় ভেঙ্গে যাওয়ার আশংকা

আলমডাঙ্গার কালিদাসপুরে রাস্তার পাশে গাইড ওয়াল না থাকায় সদ্য নির্মিত রাস্তা ভেঙে নেমে যাচ্ছে পুকুরে । নির্মিত রাস্তা সংরক্ষণের জন্য গাইড ওয়াল নির্মাণ জরুরী হয়ে পড়েছে। স্থানীয়দের দাবী রাস্তা নির্মাণের আগেই পুকুরের ধারে গাইড ওয়াল নির্মাণ করা হোক।

মাঝে মিশ্র প্রতিক্রীয়া দেখা দিয়েছে। এদিকে আজ বুধবার সদ্য নির্মিত এ রাস্তা পরিদর্শন করেন উপজেলা প্রকৌশলী (এলজিইডির) ভারপ্রাপ্ত কর্মকর্তা তরুণ জোয়ার্দ্দার।

জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার কালিদাসপুর দক্ষিণপাড়ায় প্রায় ১ কোটি টাকা ব্যায়ে আরডিপি প্রকল্পের মাধ্যমে ১৩’শ মিটার রাস্তার কাজ চলমান। ইতোমধ্যে রাস্তার কাজ প্রায় শেষ পর্যায়ে। কালিদাসপুর ইউনিয়ন শহর কেন্দ্রীক হলেও দীর্ঘদিন ধরে এ রাস্তার উন্নয়নের কাজ হয়নি। সম্প্রতি চুয়াডাঙ্গা ১ আসনের সংসদ সদস্য সোলায়মান হক জোয়াদ্দার ছেলুনের ঐকান্তিক প্রচেষ্টায় দীর্ঘদিন পর এই রাস্তাটির নির্মাণ কাজ শুরু হয়েছে। গত ১ মাস পূর্বে মুসল ধারার বৃষ্টিতে সদ্য নির্মিত রাস্তাটি ভেঙে পাশেই অবস্থিত পুকুরে চলে গেছে। এ রুপ ঘটনায় এলাকাবাসী রাস্তাটি দীর্ঘ মেয়াদি টেকসই ভাবে নির্মাণ সহ গাইড ওয়াল নির্মাণের দাবি করেন। এমন ঘটনায় বুধবার সকালে উপজেলা ভারপ্রাপ্ত প্রকৌশলী তরুণ জোয়ার্দ্দার ঘটনাস্থল পরিদর্শন করেন।

এসময় উপস্থিত ছিলেন ঠিকাদারি প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী আহসান উল্লাহ। তিনি জানান, সংসদ সদস্য সোলায়মান হক জোয়াদ্দার ছেলুন এমপির প্রচেষ্টায় রাস্তার কাজ হচ্ছে। তবে গাইড ওয়াল বরাদ্দ না

থাকায় নির্মাণ করা হয়নি। টেকসই সড়ক নির্মানের জন্য গাইডওয়াল একান্ত প্রয়োজন, এজন্য উপজেলা প্রকৌশলী ঘটনাস্থল পরিদর্শন করেছেন।

আলমডাঙ্গায় শ্মশান ঘাটে শাপলা তুলতে গিয়ে ২ শিশুর মৃত্যু

আলমডাঙ্গার মরা নদীর পানিতে ডুবে দুই শিশুর মৃত্যু হয়েছে। গতকাল সোমবার বিকেলে বন্দরভিটা গ্রামের শ্মশান ঘাট এলাকায় শাপলা ফুল তুলতে গিয়ে এ দুর্ঘটনা ঘটে।

নিহতরা হলেন, উপজেলার গাংনী ইউনিয়নের বন্দরভিটা গ্রামের বাবুল হোসেনের ছেলে সাব্বির হোসেন (৮) ও একই গ্রামের রানা মিয়ার ছেলে হুসাইন (৭)। নিহতরা দুজনই স্থানীয় প্রাথমিক বিদ্যালয়ের প্রথম শ্রেণীর শিক্ষার্থী।

স্থানীয়রা জানান, নিহত সাব্বির ও হুসাইন গতকাল সোমবার বেলা ১২ টার দিকে বন্দরভিটা গ্রামের মরা নদীর শ্মশানঘাট এলাকায় শাপলা ফুল তুলতে গিয়ে নিখোঁজ হয়। পরিবারের লোকজন তাদের দুজনকে খোঁজাখুঁজি করলেও সন্ধান পায় না। বিকেলে দুই পরিবার ও গ্রামের লোকজন মরা নদীতে খোঁজাখুঁজি করলে দুজনকে পানিতে ভাসমান অবস্থায় উদ্ধার করে। এ সময় তাদের উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন। এ ঘটনায় এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

স্থানীয় ইউপি সদস্য আব্দুর বারী জানান, দুই শিশু দুপুরে মরা নদীতে শাপলা তুলতে গিয়ে নিখোঁজ হয়। বিকেলে বাড়ি না ফেরায় পরিবারের সদস্যরা ও এলাকাবাসী তাদের খুঁজতে থাকে। পরে ওই নদীর পানিতে ভাসমান অবস্থায় দুজনের লাশ উদ্ধার করে এলাকাবাসী ।

বড়-গাংনী তদন্ত কেন্দ্রের পুলিশ পরিদর্শক বাবর আলী বলেন, ঘটনাটি মর্মান্তিক। শাপলা ফুল তুলতে গিয়ে দুই শিশু পানিতে ডুবে মারা গেছে। দুজনের মরদেহ পরিবারের নিকট হস্তান্তর করা হয়েছে। এঘটনায়

আলমডাঙ্গা থানায় অপমৃত্যু মামলা দায়ের হয়েছে।

আলমডাঙ্গায় বিএনপি-জামায়াতের ৩ নেতা গ্রেপ্তার

আলমডাঙ্গায় নাশকতার মামলায় বিএনপি-জামায়াতের ৩ নেতাকে গ্রেপ্তার করেছে পুলিশ। আজ মঙ্গলবার ভোরে উপজেলার বিভিন্ন এলাকা থেকে তাদের গ্রেপ্তার করা হয়।

তারা হলেন, আলমডাঙ্গা উপজেলার আইলহাঁস ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক হারুনুর রশিদ বিশ্বাস (৬০), পাঁচকমলাপুর গ্রামের বাসিন্দা ও জামায়াত নেতা আসাদুল হক (৬৫), কৃষ্নপুর গ্রামের বাসিন্দা জামায়াত নেতা আবু সাঈদ (৩৮)।

আলমডাঙ্গা থানার পুলিশের উপ-পরিদর্শক (এসআই) মারজাহান আল মোনায়েম জানান, গত ২৯ শে অক্টোবর ভোরে উপজেলার কালিদাসপুর ইউনিয়নের আসাননগর গ্রামের আল-আমিন সোসাইটি ক্যাডেট মাদ্রাসা এলাকায় নাশকতার পরিকল্পনার অভিযোগে মামলা হয়েছিল। ওই মামলার তদন্ত করতে গিয়ে হারুনুর রশিদ বিশ্বাস, আসাদুল হক, আবু সাঈদের বিরুদ্ধে তথ্য-প্রমাণ মেলে। ফলে পুলিশের একটি টিম তাদের নিজ নিজ এলাকায় অভিযান চালিয়ে তাদের গ্রেপ্তার করে।

আলমডাঙ্গায় জাসদের ৫১ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন

শ্রমজীবী, পেশাজীবী, কর্মজীবী জনতা গড়ে তোলো একতা জাতীয় সমাজতান্ত্রিক দল `জাসদ’ এর ৫১ তম প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপনে আলমডাঙ্গা উপজেলা ও পৌর জাসদের উদ্যোগে আলোচনা সভা অনুষ্ঠিত

হয়েছে।

আজ মঙ্গলবার সন্ধ্যা ৬ টার দিকে উপজেলা মুক্তিযোদ্ধা মঞ্চ চত্বরে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা জাসদের সভাপতি বীরমুক্তিযোদ্ধা এম সবেদ আলী।

আলমডাঙ্গা উপজেলা জাসদের সভাপতি মোল্লা গোলাম সারোয়ারের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা জাসদের সাধারণ সম্পাদক আনিসুজ্জামান আনিস, পৌর জাসদের সাধারণ সম্পাদক ডালিম হোসেন, উপজেলা জাতীয় শ্রমিক জোটের সভাপতি শের আলী, সাধারণ সম্পাদক জহুরুল ইসলাম, তরিকুল ইসলাম, মিলন হোসেন, শ্রী মঙ্গল, আব্দুর রাজ্জাক, একরামুল হক, রিয়াজ, সোহেল ।

আলোচনা সভাটি সঞ্চালনা করেন পৌর জাসদের সভাপতি মিরাজুল ইসলাম মিরাজ।

আলমডাঙ্গায় জাতীয় ইঁদুর নিধন অভিযান ও আলোচনা সভা

আলমডাঙ্গা উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উদ্যোগে জাতীয় ইঁদুর নিধন অফিযান- ২০২৩ উপলক্ষে আলোচনা সভা অনুষ্টিত হয়েছে।

‘ইঁদুরের দিন শেষ, গড়বে সোনার বাংলাদেশ ‘ এই শ্লোগানকে সামনে রেখে আজ সোমবার বেলা সাড়ে ১১ টার দিকে কৃষি অফিসের হলরুমে আলোচনা সভায় সভাপতিত্ব করেন উপজেলা কৃষি অফিসার রেহানা পারভীন।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত আছেন জেলা কৃষি সম্প্রসারণ অফিসের উপ-পরিচালক বিভাষ চন্দ্র রায়। তিনি বলেন- আপনারা জানেন ইঁদুর প্রতিবছর কত মেট্রিক টন ধান নষ্ট করে। সরকার ইঁদুর নিধন কল্পে পুরস্কার ঘোষণা করেছেন,আপনারা যদি ২শত থেকে ৫শত ইঁদুর মেরে তার লেজ কেটে কৃষি অফিসে জমা দেন তাহলে আপনাকে কৃষি সম্প্রসারণ অফিস থেকে পুরস্কৃত হবেন,শুধু তাই নয় জাতীয় পর্যায় থেকেও আপনি

পুরস্কৃত হতে পারেন,তাই সরকারের সম্পদ বাঁচাতে সকল কৃষক, কৃষানী ইঁদুর নিধনে সামিল হবেন।

আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা কৃষি সম্প্রসারণ অফিসের অতিরিক্ত উপ-পরিচালক(উদ্যোন)মোমরাজ আলী, উপ-সহকারি কৃষি কর্মকর্তা আব্দুল ওয়াহরদ,খালিদ সাইফুল্লাহ, প্রেসক্লাবের সাধারণ সম্পাদক হামিদুল ইসলাম আজম, সিনিয়র সাংবাদিক প্রশান্ত বিশ্বাস, তানভীর সোহেল প্রমুখ।

এছাড়াও সভায় শতাধিক কৃষক, কৃষানী উপস্থিত ছিলেন।

আলমডাঙ্গার গোবিন্দপুরে ৭ জুয়াড়ি গ্রেপ্তার

আলমডাঙ্গা উপজেলায় শোবার ঘরে জুয়া খেলার সময় হাতেনাতে ৭ জুয়াড়িকে আটক করা হয়েছে।

আজ শনিবার দিবাগত রাত দেড়টার দিকে উপজেলার পৌর এলাকার গোবিন্দপুর মন্ডলপাড়া এলাকা থেকে তাদের আটক করে পুলিশ। এ সময় তাদের কাছ থেকে খেলার সামগ্রী, নগদ ৫ হাজার ৬০ টাকা জব্দ করা হয়।

আটক সাতজন জুয়ারি হলেন- উপজেলার পৌর এলাকার গোবিন্দপুর মন্ডলপাড়ার মৃত হায়দার আলীর ছেলে লাল্টু (৩৮), গোবিন্দপুর নতুন বাসস্টান্ড পাড়ার হাসেম আলীর ছেলে দেলোয়ার হোসেন (৩২), মৃত নিজাম উদ্দীনের ছেলে মুকুল আলী (৪০), মৃত আবু বক্করের ছেলে শফি (৪০), মৃত হারান আলীর ছেলে আলম হোসেন (৫০), মৃত শমসের আলীর ছেলে মিশকার (৪২) ও নওদা বন্ডবিল গ্রামের মৃত শাহাদাৎ হোসেনের ছেলে কলিম উদ্দিন (৪৫)।

স্থানীয় ও পুলিশ সূত্রে জানাযায়, পৌর এলাকার গোবিন্দপুর মন্ডলপাড়ায় নিজ শোবার ঘরে জুয়ার আসর বসান হায়দার আলীর ছেলে লাল্টু। গতকতাল শনিবার দিবাগত রাতে গোপন সংবাদে খবর পেয়ে সেখানে অভিযান চালায় পুলিশ। জুয়া খেলার সময় সাতজনকে হাতেনাতে আটক করে।

পুলিশের উপস্থিতি টের পেয়ে আরও কয়েকজন সেখান থেকে পালিয়ে যায়।

আলমডাঙ্গা থানার উপ-পরিদর্শক (এসআই) মারজাহান আল মোনায়েম জানান, দিবাগত রাতে অভিযান চালিয়ে সাত জুয়ারিকে আটক করা হয়েছে। এ ঘটনায় একটি মামলা দায়ের করা হয়েছে। আটক সাতজনকে মামলায় গ্রেপ্তার দেখিয়ে জেলহাজতে পাঠানো হয়েছে।

আলমডাঙ্গায় বিএনপি-জামাতের চক্রের বিরুদ্ধে বিক্ষোভ মিছিল ও ছাত্র সমাবেশ

বিএনপি-জামাত চক্রের দেশবিরোধী ষড়যন্ত্র, নৈরাজ্য ও অপতৎপরতার বিরুদ্ধে বিক্ষোভ মিছিল ও ছাত্র সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার দুপুর ২ টার দিকে বিক্ষোভ মিছিল ও ছাত্র সমাবেশ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ আওয়ামীলীগের কেন্দ্রীয় শিল্প ও বাণিজ্য বিষয়ক উপ-কমিটির সদস্য দিলীপকুমার আগরওয়ালা।

প্রধান অতিথির বক্তব্যে দিলীপ কুমার আগরওয়ালা বলেন, সরকার দেশে ব্যাপক উন্নয়ন করেছে। শুধু উন্নয়নের ছোঁয়া লাগেনি এ চুয়াডাঙ্গায়। আজ কর্ণফুলী নদীতে ট্যানেলের উদ্বোধন হয়েছে। পদ্মা সেতু সহ বিভিন্ন মেগাপ্রকল্পের কাজ শেষ পর্যায়ে ও চলমান রয়েছে। শুধু উদ্বোধনের অপেক্ষায়। বিএনপি মনে করছেন এদেশ তাদের বাপে। আজ সমাবেশ করছেন। আর কত সমাবেশ করবেন। কত মানুষকে দুঃখ দুর্দশা দিবেন।

তিনি আরো বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা স্পৃষ্ট ভাবে বলে দিয়েছেন,আমি প্রতিক দিতে পারি কিন্তু জিতে এনে দিতে পারবো না। ভোট অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ হবে। এই দলের অধীনে স্বতঃস্ফূর্তভাবে সকল দলের অংশগ্রহণের মাধ্যমে নির্বাচন অনুষ্ঠিত হবে।

ছাত্রসমাজের উদ্দেশ্যে দিলীপ কুমার আগরওয়ালা বলেন, ছাত্র সমাজকে মাদক মুক্ত ও সন্ত্রাস মুক্ত আলমডাঙ্গা-চুয়াডাঙ্গা গড়ে তুলতে হবে। আমার ইচ্ছা, প্রতিটি ইউনিয়ন খেলার সুন্দর একটি মাঠ থাকবে, একটি করে মিনি স্টেডিয়াম থাকবে। এছাড়া প্রতিটি কলেজে কিংবা স্কুলে যোগ্য ব্যক্তি সভাপতির দায়িত্ব পালন করবেন। আমার চেয়ারের প্রতি কোন লোভ নাই। আমি আপনাদের দিতে এসেছি, নিতে আসি নাই।

এসময় উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা আওয়ামীলীগের সাবেক যুগ্নসাধারণ সম্পাদক কাজী রবিউল ইসলাম, জেলা যুবলীগের সদস্য তপন কুমার বিশ্বাস, ডাউকি ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি দিপু মাস্টার, বেলগাছি ইউনিয়ন যুবলীগের সভাপতি রেজাউল ইসলাম, হারদি ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক আশরাফুল ইসলাম, ডাউকি ইউনিয়ন যুবলীগের যুগ্নআহবায়ক রবিউল ইসলাম, নাহিদ হাসান, ছাত্রলীগ নেতা নাজমুল হাসান, তন্ময়, সাজিদ, রকি আহমেদ মমিন, নাসিম, সাগর, বাপ্পি, আলিফ। এছাড়া বিক্ষোভ মিছিল ও ছাত্র সমাবেশে জেলা ও আলমডাঙ্গা উপজেলার বিভিন্ন ইউনিয়নের ছাত্রলীগ নেতাকর্মীরা উপস্থিত ছিলো।

আলমডাঙ্গায় বণিক সমিতির ত্রি-বার্ষিক নির্বাচন সম্পন্ন: সভাপতি মিলন সম্পাদক আব্দুল্লাহ

উৎসব মুখর পরিবেশে আলমডাঙ্গা বণিক সমিতির ত্রি-বার্ষিক নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। নির্বাচনে আরেফিন মিয়া মিলন পূণরায় নির্বাচিত হয়েছেন। এছাড়াও সাধারণ সম্পাদক পদে আব্দুল্লাহ আল মামুন নির্বাচিত হন।

আজ শনিবার সকাল ৮ টা থেকে বিকেল ৪ টা পর্যন্ত একটানা ভোট গ্রহণ করা হয়। ভোট গণনা শেষে সন্ধ্যার পর ফলাফল ঘোষণা করেন বণিক সমিতির নির্বাচনে দায়িত্বপ্রাপ্ত সাবেক ব্যাংকার সিরাজুল ইসলাম। তার দেওয়া তথ্যমতে এ নির্বাচনে আরেফিন মিঞা মিলন সভাপতি (ছাতা)

প্রতিক নিয়ে ৪৭৪ ভোট পেয়ে বিজয়ী হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বি হাজী মো: মকবুল হোসেন দোয়াত কলম প্রতিক নিয়ে পেয়েছেন ৪০৪ ভোট ও অপর প্রতিদ্বন্দ্বী প্রার্থী সাইফুল ইসলাম লিটন পেয়েছেন ৯১ ভোট।

সাধারণ সম্পাদক পদে আব্দুল্লাহ আল মামুন (বাই সাইকেল) প্রতিকে ৫২২ ভোট পেয়ে বিজয়ী হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী কামাল হোসেন (আনারস) প্রতিক পেয়েছেন ৪৪৭ ভোট ।

সহ-সভাপতি পদে হাফিজুর রহমান (দেয়ালঘড়ি) প্রতিকে ৫৮২ ও রফিকুল আলম (চশমা) প্রতিকে ৫৫২ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন। তাদের নিকটতম প্রতিদ্বন্দ্বী কামরুজ্জামান হিরা (মাছ) প্রতিকে ২৮৮ ও হামিদুল ইসলাম (বটগাছ) প্রতিকে ২৮৫ ভোট পেয়েছেন।

সহ-সাধারণ সম্পাদক পদে শরিফুল ইসলাম (বাঘ) প্রতিকে ৪৭৮ ও জাহাঙ্গীর আলম (গোলাপ ফুল) প্রতিকে ৪৫৬ ভোটে বিজয়ী হয়েছেন। তাদের নিকটতম প্রতিদ্বন্দ্বী বদর উদ্দিন (হাঁস) প্রতিকে পেয়েছেন ৩৮৪ ও বাবলুর রহমান (ডাব) প্রতিকে ৩৬৯ ভোট পেয়েছেন।

কোষাধ্যক্ষ পদে আলাউদ্দিন মিয়া (মোরগ) প্রতিকে ৪৮৭ পেয়ে বিজয়ী হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী সোহানুর রহমান বাবলু (হাতি) প্রতিকে ৪৪৬ ভোট পেয়েছেন। সাংগঠনিক সম্পাদক পদে আমিরুল ইসলাম লিটন (চেয়ার) প্রতিকে ৫২৫ পেয়ে নির্বাচিত হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী আব্দুল লতিফ (মই) প্রতিকে ৪২৪ ভোট পেয়েছেন। ক্রীড়া সম্পাদক পদে হাবিবুর রহমান (আম) প্রতিকে ৫৫২ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী মাসুদ রানা (ফুটবল) প্রতিকে ৩৮৪ ভোট পেয়েছেন।

ধর্ম বিষয়ক সম্পাদক পদে রেজাউল করিম কাবিল (মিনার)প্রতিকে ৫৬৪ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী আসাদুল হক (তারা) প্রতিকে ৩৪৫ ভোট পেয়েছেন। দপ্তর সম্পাদক পদে শফিউল হাসান মিলন (কলম) প্রতিকে ৫০৮ ভোট পেয়ে বিজয়ী হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী ইফতেখার আহমেদ (টিয়া) প্রতিকে পেয়েছেন ৩৯৬ ভোট। এছাড়াও সদস্য পদে ১০ জন বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়েছেন।
এদিকে নির্বাচনের ফলাফল ঘোষণার পর বিজয়ী প্রার্থীরা তাদের কর্মি সমর্থকরা আনন্দ উৎসব করেন।